# তেরখাদা উপজেলা পরিষদের মার্চ/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৮/০৩/২০২২ খ্রিঃ, বিকাল : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। সংসদ সদস্য মহোদয় সিআইপি পদকে ভূষিত হওয়ায় শুভেচ্ছা জ্ঞাপন করেন। তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (২.১) উপজেলা প্রকৌশলী সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে তেরখাদা উপজেলার উন্নয়নের চিত্র তুলে ধরেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে। তিনি জানান, গত ২১/১২/২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ডিসেম্বর/২২ মাসের মাসিক সভায় অনুমোদিত পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পের মধ্যে ৪,৭,এবং ১০ ক্রমিকে বর্ণিত প্রকল্পগুলি নিম্নরূপভাবে সংশোধনের করা প্রয়োজন । | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় টেন্ডার এবং পিআইসি এর মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা |

## তেরখাদা উপজেলা পরিষদের মার্চ/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৮/০৩/২০২২ খ্রিঃ, বিকাল : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)**

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। সংসদ সদস্য মহোদয় সিআইপি পদকে ভূষিত হওয়ায় শুভেচ্ছা জ্ঞাপন করেন। তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (২.১) উপজেলা প্রকৌশলী সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে তেরখাদা উপজেলার উন্নয়নের চিত্র তুলে ধরেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে। তিনি জানান, গত ২১/১২/২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ডিসেম্বর/২২ মাসের মাসিক সভায় অনুমোদিত পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পের মধ্যে ৪,৭,এবং ১০ ক্রমিকে বর্ণিত প্রকল্পগুলি নিন্মরূপভাবে সংশোধনের করা প্রয়োজন । | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় টেন্ডার এবং পিআইসি এর মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ৪। পশ্চিম কাটেংগা আহমেদ উল্লাহ পিলুর বাড়ীর রাস্তা সিসি করণ।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/-<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব সোহাগ শেখ, ইউপি সদস্য, সাচিয়াদাহ ইউপি ------------ সভাপতি<br>জনাব মোঃ রবিউল ইসলাম ইউপি সদস্য, তেরখাদা ইউপি-------সেক্রেটারী<br>জনাব সুনিল সাহা, গণ্যমাণ্য ব্যক্তি ---------------------------- সদস্য<br>জনাব সমীর সাহা, গণ্যমান্য ব্যক্তি ---------------------------- সদস্য<br>জনাব, হুসাইন আহমেদ, সমাজ সেবক ------------------------ সদস্য<br>জনাব খালিদ হোসেন, ভিডিপি সদস্য ------------------------ সদস্য<br>জনাব মেহেদি হাসান আকিব, সমাজ সেবক -------------------- সদস্য<br><br>৭। তেরখাদা দক্ষিণপাড়া সোহরাব মোল্যার বাড়ী হতে চিত্রানদী পর্যন্ত ইউ ড্রেন নির্মাণ।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/-<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>আসমা বেগম, ইউপি সদস্য, সাচিয়াদাহ ইউপি ---- সভাপতি<br>জনাব মোঃ রবিউল ইসলাম ইউপি সদস্য, তেরখাদা ইউপি------------সেক্রেটারী<br>জনাব সুনিল সাহা, গণ্যমাণ্য ব্যক্তি ---------------------------- সদস্য<br>জনাব সমীর সাহা, গণ্যমান্য ব্যক্তি ---------------------------- সদস্য<br>জনাব, হুসাইন আহমেদ, সমাজ সেবক ------------------------ সদস্য<br>জনাব খালিদ হোসেন, ভিডিপি সদস্য ------------------------ সদস্য<br>জনাব মেহেদি হাসান আকিব, সমাজ সেবক -------------------- সদস্যস<br><br>১০। (ক) রোস্তম আজগড়া এনামুল মেম্বররের বাড়ির পাশ দিয়ে রোস্তম আজগড়া শিব বালার বাড়ি অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বার সংস্কার (খ) আনন্দনগর কাটা খালের উপর কাঠেরপুল নির্মাণ।<br>প্রকল্প মূল্য ঃ (ক)১,০০,০০০/- (খ) ১,০০,০০০/-<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব রমেশ চন্দ্র হীরা, ইউপি সদস্য, আজগড়া ইউপি -------- সভাপতি<br>জনাব নাছিমা কবির, ইউপি সদস্য ------------------ সেক্রেটারী<br>জনাব অপূর্ব মল্লিক, ইউপি সদস্য ------------------ সদস্য<br>জনাব জোনাকী বালা, ইউপি সদস্য ---------------- সদস্য<br>জনাব মোঃ আবুল খায়ের, ইউপি সদস্য -------------- সদস্য<br>জনাব উৎপল গাইন সমাজসেবক -------------------- সদস্য<br>জনাব শুভংকর রায়,গন্যমাণ্য ব্যক্তি ------------------ সদস্য | | সংশ্লিষ্ট পিআইসি ও উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। |
| | | **(২.২)** উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ জানান উপজেলা পরিষদের অভ্যন্তরে ০৩টি মরা গাছ রায়েছে যা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের উত্তর পার্শ্বে ০১টি মেহগণী ও ০১টি চাম্বল এবং হলরুমের দক্ষীণ পার্শ্বে ০১টি রেন্টিকড়াই । মরা গাছগুলির ডাল-পাল ভেঙ্গে রাস্তা পড়ে যে কোন সময় বড়ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তিনি গাছ গুলি নিলামের মাধ্যমে বিক্রয় পূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত ০৩টি মরা গাছ নিলামে বিক্রয়ের জন্য মূল্য নির্ধারন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিক্রয় লব্ধ অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | **(২.৩)** উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় অবহিত করেন যে, গত ০৯/০২/২০২২ খ্রিঃ তারিখে উপ-পরিচালক স্থানীয় সরকার স্যার এর নেতৃত্বে সাচিয়াদাহ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স নির্মানের জন্য সাচিয়াদাহ ইউনিয়ন পরিষদে বর্তমান ইউপি চেয়ারম্যান জনাব মোঃ বুলবুল আহমেদ এর দানকৃত জমি, বর্তমান ইউনিয়ন পরিষদ ভবন এবং পূর্ববর্তী চেয়ারম্যানের প্রস্তাবিত জমি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, ইউনিয়ন পরিষদের বর্তমান ভবন ইউনিয়নের পাতলা বাজারে অবস্থিত, যার অবস্থা অত্যন্ত ঝুকিপূর্ণ এবং অফিস পরিচালনার অনুপযোগী। উল্লেখ্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্পের ১১ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.৭২১.১৪.০০৩.১৯-৭৫ নং স্মারকে জারিকৃত পরিপত্রে উল্লেখ আছে ইউনিয়ন পরিষদের জন্য জমির পরিমান ০.২০ একর হতে হবে এবং স্থানটির দৈর্ঘ্য প্রস্থ ৯২ঃ৯২ ফুট হতে হবে। পরিদর্শন কালে দেখা যায় বর্তমান পরিষদে জমি ০.২৬ একর রয়েছে কিন্তু তা লম্বাটে এবং চওড়া কম। বিধায় উক্ত জমিতে ভবনের ডিজাইন অনুযায়ী স্থাপনা নির্মাণ করা সম্ভব নয়।<br><br>তিনি আরও উল্লেখ করেন যে, পূর্ববর্তী চেয়ারম্যানের প্রস্তাবিত জমিটি পাতলা,নাচুনিয়া গোবিন্দপুর মৌজায় যা সাচিয়াদাহ ইউনিয়নের এক প্রান্তে অবস্থিত। যদিও জমি প্রয়োজন অনুযায়ী বিদ্যমান। তিনি সভাকে আরও অবহিত করেন যে, আলোচ্য পরিপত্রে "প্রস্তাবিত স্থানে যাতায়ত ও যোগাযোগ ব্যবস্থ্যা অপেক্ষাকৃত উন্নত এবং ইউনিয়নের সকল স্থানের সাথে সংযুক্ত হতে হবে" মর্মে উল্লেখ থাকলেও উক্ত জমিতে যাতায়তের কোন রাস্তা নেই।<br><br>তিনি সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, বর্তমান পরিস্থিতি বিবেচনায় নবনির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ বুলবুল আহমেদ সাচিয়াদাহ ইউনিয়ন পরিষদ ভবনের জন্য যে জমিটি দান করেছেন সে জায়গাটি ইউনিয়নের কামারোল গ্রামে অবস্থিত এবং তা ইউনিয়নের কেন্দ্রস্থলে রয়েছে। এছাড়া ও মূল সড়কের পার্শ্বে হওয়ায় সেখান থেকে ইউনিয়নের সকল যায়গায় যোগাযোগ সহজ হবে। যা আলোচ্য পরিপত্রের সকল পরিমাপ অনুযায়ী হয়। তিনি বর্ণিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সাচিয়াদাহ ইউনিয়ন পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান জনাব মোঃ বুলবুল আহমেদ এর দানকৃত জমির দলিল, ইউনিয়ন পরিষদের সভার কার্যবিবরনী এবং সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক জমির নিষ্কণ্ঠকতার প্রতিবেদন পর্যালোচনান্তে সাচিয়াদাহ ইউনিয়নের কামারোল মৌজার খতিয়ান নং- এস এ ৯৩৩, দাগ নং- এস এ - ২৯২৭ জমির পরিমান ০.২১ একর জমিতে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ যুক্তিযুক্ত হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | **(২.৪)** উপজেলা প্রকৌশলী আরও বলেন, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা ডরমেটরি ভবনটি দির্ঘ্য দিনের পুরাতন হওয়ায় এবং গত ২/৩ বছর কোন ধরনের সংস্কার না করায় ভবনটি বসবাসের অনুপোযোগী হয়ে পড়েছে। তিনি বলেন, জুরুরী ভিত্তিতে ভবনটি সংস্কার করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সিদ্ধন্ত গ্রহনের জন্য অনুরোধ | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ডরমেটরি ভবন সংস্কারের নিমিত্ত একটি প্রাক্কলণ প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্দান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, কোভিড-১৯ এর ২য় ডোজ ভ্যাক্সিন টিকা আগামি ২৯-০৩-২০২২ প্রদান করা হবে। তিনি বলেন ১ম ডোজ এ পর্যন্ত ৮০ হাজার প্রদান করা হয়েছে। তিনি জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন হাসপাতালে এখন থেকে সিজার অপারেশন করা হবে। মাননীয় সংসদ সদস্য মহোদয় আসন্ন পবিত্র রমজান মাসে হাসপাতালের স্বাস্থ্যসেব ঠিক রাখার জন্য নির্দেশনা করেন। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, ফেব্রুয়ারি-২২ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৫৭, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৭৪৭, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৮.০৮%, গর্ভবতী-৮২৭ জন, অগ্রহণকারী-৪৯৯৬। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা এবং কার্যক্রমের মাধ্যমে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা সকলকে শুভেচ্ছা জানান এবং জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, তেরখাদা উপজেলার সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠন বিষয়ে অবহিত করেন। করোনা কালিন পরবর্তী বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি কম, শিক্ষার্থীদের উপস্থিতি বাড়াোর জন্য সকল জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। তেরখাদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভিতর দিয়ে স্কুল চলাকালীন সময়ে মটোরসাইকেল ও ভ্যান চলাচল বন্ধের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, উপজেলা শিক্ষা অফিসার |
| ০৬ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সকলকে শুভেচ্ছা জানান এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলানির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন তার দপ্তরের ভবনটি খুবই জরাঝির্ণ হয়ে পড়েছে। বিভিন্ন কক্ষের ছাদ থেকে প্লাস্টার খঁসে পড়ছে এবং বর্ষ মৌসুমে ছাদ চুঁয়ে পনি পড়ে । উক্ত ভবনে দাপ্তরিক কাজকর্ম চালানো খুবই ঝুকিপূর্ণ । তিনি ভবনটি সংস্কারের জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন বর্ষা মৌসুমে অফিস ক্যাম্পাসে ও জলাবদ্ধতা নিরসনের জন্য অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৭ | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন, ফেব্রুয়ারি-২২ মাস পর্যন্ত পিডিবিএফ তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি ১১৩টি. মোট সদস্য সংখ্যা ৩৫১৪জন, মোট ঋনী সদস্য ২৪০৫জন, মোট সঞ্চয় স্থিতি ৬১৫.০৭ লক্ষ, মোট ঋণ বিতরণ ৪৬৫.৩৫ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ৫৩০.০৪ লক্ষ টাকা। মাঠে পাওনা ঋণের পরিমান ৫৫৬.৫৭, মোট খেলাপী ১১৫.৯১ লক্ষ্য টাকা। আদায়ের হার ৯৬%। তিনি বলেন খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহায়তার প্রয়োজন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা । |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, মার্চ/২২ মাস পর্যন্ত বিআরডিবি তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি গঠন ১৪০টি, সুফল ভোগী সদস্য সংখ্যা ২৫২৫ জন, শেয়ার আদায় ২০.৪৪ লক্ষ, সঞ্চয় আদায় ৬৮.০৯ লক্ষ। ঋণ বিতরণ ৩১৯১.৪ ২ লক্ষ টাকা। ঋণ আদায় ২৯০৭.৭২ লক্ষ টাকা । মেয়াদোত্তীর্ন খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তওে দায়েরকৃত ১৩ টি সার্টিফিকেট মামলা সচল করার জন্য অনুরোধ জানান এবং বলেন, দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ০৯ | ইউজিডিপি | সভায় ২০২০-২১ (৫ম পর্যায়) অর্থ বছরের অবকাঠামো এবং সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাব প্রেরণের চূড়ান্ত সময়সীমা প্রসঙ্গে ইউজিডিপি প্রকল্প পরিচালক মহোদয়ের ০৬/০৩/২০২২ তারিখের পত্রটি উপস্থাপন করা হয়। পত্রের আলোকে ইউডিএফ সভায় অবহিত করেন যে, আগামী ৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে পিএমইউ এর মতামতের ভিত্তিতে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের সংশোধিত কাগজপত্র প্রেরণ করতে হবে। অন্যথায় সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প প্রস্তাব পিএমইউ কর্তৃক গ্রহন করা হবে না।<br>উত্থাপিত বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আরোচনান্তে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন সাপেক্ষে পিএমইউ এর মতামতের ভিত্তিতে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের সংশোধিত কাগজপত্র প্রেরণ করা হবে। তিনি এ ব্যাপারে পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, সহকারি প্রোগ্রামার (আইসিটি)' কে বিশেষভাবে অনুরোধ জানান। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী, ইউডিএফ |

**বিবিধ আলোচনা ঃ**

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)** ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন, জানুয়ারি/২২ ও ফেব্রুয়ারি/২২ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের ডিসেম্বর/২১ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা | ৫৫,৩২৩/- |
| ২। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে ডিসেম্বর /২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৮০০/- |
| ৩। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে ডিসেম্বর/২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৮০০/- |
| ৪। | উপজেলা পরিষদের জীপ গাড়ির ডিসেম্বর/২১ মাসের জ্বালানী ব্যয় বিল | ২৬,৯২২/- |
| ৫। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর ডিসেম্বর /২১ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ৬। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর ডিসেম্বর /২১ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ৭। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে নতুন মিটার স্থাপন ব্যয় বিল | ২,৯১৫/- |

| | | |
|---|---|---|
| ১১। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে জানুয়ারি/২২ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৮০০/- |
| ১২। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর জিানুয়ারি /২২ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ১৩। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর জিানুয়ারি/২২ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ১৪। | উপজেলা পরিষদের জানুয়ারি/২২ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ১৫। | উপজেলা পরিষদের জানুয়ারি/২২ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ১৬। | উপজেলা পরিষদের জীপ গাড়ির জানুয়ারি/২১ মাসের জ্বালানী ব্যয় বিল | ১৯,৬২৪/- |
| ১৭। | ১৪২৮ বঙ্গাব্দ সনের জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞাপন বিল | ২২,৫০০/- |
| ১৮। | ১৪২৮ বঙ্গাব্দ সনের জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞাপন বিল | ২০,০০০/- |
| ১৯। | ১৪২৭ বঙ্গাব্দ সনের হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞাপন বিল | ২৫,৩১২/- |
| ২০। | ১৪২৭ বঙ্গাব্দ সনের হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞাপন বিল | ২২,৫০০/- |
| ২১। | ১৪২৮ বঙ্গাব্দ সনের হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞাপন বিল | ২২,৫০০/- |
| ২২। | ১৪২৮ বঙ্গাব্দ সনের হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞাপন বিল | ২০,০০০/- |
| ২৩। | উপজেলা পরিষদের অভ্যন্তরে বঙ্গবন্ধুর ম্যুরাল নির্মাণ কাজের জামানত ফেরত বিল প্রদান | ৩২,৫০০/- |
| ২৪। | উপজেলা যুব উন্নয়ন অফিসারের দপ্তরের কক্ষ ও দরজা-জানালা রং করণ কাজের বিল প্রদান | ২৪,৯৯০/- |

**সিদ্ধান্ত ঃ** উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ।

**সভাপতির বক্তব্য ঃ** সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং উপস্থিত সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা-৯-৯/২০২১-২১৬ (৪০) তারিখঃ ২৯ মার্চ ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ..........................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

পরিশিষ্ট-ক

## সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

**সভার তারিখ- ২৮/০৩/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।**

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা | |
| ২৫. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৭. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ৩০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ৩১. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ৩২. | তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প | |

পরিশিষ্ট-খ

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
২. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা
৩. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৪. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা।
৫. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৬. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।